# বাংলাদেশ সেনাবাহিনীতে অফিসার ক্যাডেট হিসেবে যোগ দিন

## ৬২তম বিএমএ স্পেশাল (সিগন্যালস্/ইএমই/এইসি) এবং ৫৫তম বিএমএ স্পেশাল (আরভিএন্ডএফসি) কোর্স

**যোগ্যতাঃ**

১। **বয়স**। ০১ জানুয়ারি ২০২৭ তারিখে অনূর্ধ্ব ২৮ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

২। **শারীরিক মান (ন্যূনতম)**।

| ক্রমিক | শারীরিক যোগ্যতা | পুরুষ প্রার্থীদের জন্য | মহিলা প্রার্থীদের জন্য |
|---|---|---|---|
| ১। | উচ্চতা | ১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি) | ১.৫৫ মিটার (৫ ফুট ১ ইঞ্চি) |
| ২। | ওজন | উচ্চতা ও বয়স অনুসারে সেনাবাহিনীর জন্য নির্ধারিত স্কেল অনুযায়ী বিবেচিত হবেন | |
| ৩। | বুক | স্বাভাবিক - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি) | স্বাভাবিক - ০.৭১ মিটার (২৮ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি) |

৩। **শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)ঃ**

ক। **সিগন্যালস কোর - পুরুষ**।

(১) **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক**।

(ক) **জাতীয় মাধ্যম**। এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৪.৫০।

(খ) **ইংরেজি মাধ্যম**। 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ২টিতে 'এ' গ্রেড, ৩টিতে 'বি' গ্রেড ও ১টিতে 'সি' গ্রেড এবং এ লেভেলে ২টি বিষয়েই ন্যূনতম 'বি' গ্রেড।

(২) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং **(সিএসই)**, ইলেকট্রিক্যাল ইলেকট্রনিকস্ এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং **(ইইসিই)**/ইলেকট্রনিকস্ এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং **(ইসিই)**/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং **(ইইই)** বিষয়ের উপর বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিংয়ে কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

খ। **ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইএমই) কোর - পুরুষ**।

(১) **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক**।

(ক) **জাতীয় মাধ্যম**। এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৪.৫০।

(খ) **ইংরেজি মাধ্যম**। 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ২টি'তে 'এ' গ্রেড, ৩টিতে 'বি' গ্রেড ও ১টি তে 'সি' গ্রেড এবং 'এ' লেভেলে ২টি বিষয়েই ন্যূনতম 'বি' গ্রেড।

(২) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং **(এমই)**, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং **(ইই)**/ইলেকট্রিক্যাল ইলেকট্রনিকস্ এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং **(ইইসিই)** বিষয়ের উপর বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিংয়ে কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

গ। **আর্মি এডুকেশন কোর (এইসি)**।

**অর্থনীতি, বিবিএ, আন্তর্জাতিক সম্পর্ক-পুরুষ এবং মেডিকেল ফিজিসিস্ট-পুরুষ/মহিলা**

(১) **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক**।

(ক) **জাতীয় মাধ্যম**। এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৪.০০।

(খ) **ইংরেজি মাধ্যম**। 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ৪টিতে 'বি' গ্রেড, ১টিতে 'সি' গ্রেড এবং ১টিতে 'ডি' গ্রেড এবং 'এ' লেভেলে ২টি বিষয়ের মধ্যে ন্যূনতম ১টিতে 'সি' গ্রেড এবং ১টিতে 'ডি' গ্রেড।

(২) **অর্থনীতি, বিবিএ, আন্তর্জাতিক সম্পর্ক এবং মেডিকেল ফিজিসিস্ট**- বিষয়ের উপর বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে **স্নাতক (সম্মান)** এ **কমপক্ষে সিজিপিএ** ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

(৩) স্ব স্ব বিষয় সমূহের উপর বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে **স্নাতকোত্তর ডিগ্রিতে কমপক্ষে সিজিপিএ** ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

ঘ। **রিমাউন্ট ভেটেরিনারী এন্ড ফার্ম কোর (আরভিএন্ডএফসি) - পুরুষ**।

(১) **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক**।

(ক) **জাতীয় মাধ্যম**। এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৪.০০।

(খ) **ইংরেজি মাধ্যম**। 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ৪টি'তে 'বি' গ্রেড, ১টিতে 'সি' গ্রেড, ১টি তে 'ডি' গ্রেড এবং 'এ' লেভেলে ২টি বিষয়ের মধ্যে ন্যূনতম ১টিতে 'সি' গ্রেড এবং ১টিতে 'ডি' গ্রেড।

(২) বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে B.Sc, Vet. Sci. & A.H/DVM/B.Sc., AH (Hons) এ কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

(৩) ইন্টার্ণশীপ সম্পন্নকারী।





৪। **বৈবাহিক অবস্থা**।

ক। **পুরুষ**। অবিবাহিত। তবে, ০১ জানুয়ারি ২০২৭ তারিখে যাদের বয়স ২৬ বছরের উপরে হবে সে সকল বিবাহিত পুরুষ প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

খ। **মহিলা**। অবিবাহিতা/বিবাহিতা।

**প্রার্থীর জন্য অযোগ্যতাঃ**

৬। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যেকোন সরকারি চাকরি /প্রশিক্ষণ হতে বরখাস্ত/অপসারিত/স্বেচ্ছায় পদত্যাগ গ্রহণ।

৭। আইএসএসবি (ISSB) কর্তৃক ০২ (দুই) বার স্ক্রিন্ড আউট/প্রত্যাখ্যাত (একবার স্ক্রিন্ড আউট ও একবার প্রত্যাখ্যাত হলে আবেদন করা যাবে)। তবে ০৫ (পাঁচ) বছর পূর্বে ০২ (দুই) বার স্ক্রিন্ড আউট/প্রত্যাখ্যাত প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

৮। যেকোন ফৌজদারী অপরাধের জন্য আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত।

৯। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপিল মেডিক্যাল বোর্ড কর্তৃক অযোগ্য বিবেচিত।

১০। প্রতিটি চোখের ক্ষীনদৃষ্টি ও দূরদৃষ্টি ২.৫ ডাইঅপ্টার এর বেশি এবং বিষমদৃষ্টি ১.০ ডাইঅপ্টার এর বেশি।

১১। প্রার্থীর বয়স **১৮ বছর** হওয়ার পূর্বে ল্যাসিক (LASIK) অপারেশন গ্রহণযোগ্য নয়। ল্যাসিক অপারেশনের তারিখ হতে চোখ পরীক্ষার তারিখের মধ্যে ন্যূনতম ৩ (তিন) মাস অতিবাহিত হতে হবে।

১২। দ্বৈত নাগরিকত্ব অথবা বাংলাদেশ ব্যতীত অন্য কোন দেশে স্থায়ীভাবে বসবাসের অনুমতি থাকলে।

১৩। ভর্তি প্রক্রিয়ার যেকোন পর্যায়ে ভুল বা মিথ্যা তথ্য প্রদান করা হলে প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**আবেদন করার পদ্ধতিঃ**

১৪। ২৮ জুলাই ২০২৬ হতে ২৪ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে।

১৫। আবেদনকারী প্রার্থীগণকে https://join.army.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর উপরে ডান পার্শ্বে Apply Now তে ক্লিক করে বর্ণিত কোর্সে Apply করতে হবে।

১৬। আবেদনকারী প্রার্থীগণকে টেলিটক, VISA/Master Card, TAP, Bkash, Nagad, Rocket এর মাধ্যমে ৫০০/- (পাঁচশত) টাকা আবেদন ফি এবং ৫০০/- (পাঁচশত) টাকা অনলাইন রেজিস্ট্রেশন ফি বাবদ সর্বমোট ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) প্রদান করতে হবে। আবেদন প্রক্রিয়াতেই ওয়েব সাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি ও অনলাইন রেজিস্ট্রেশন ফি প্রদান করা যায় এবং তাৎক্ষণিকভাবে প্রাথমিক সাক্ষাৎকারের কল-আপ লেটার পাওয়া যায়।

**নির্বাচন পদ্ধতিঃ**

১৭। **লিখিত পরীক্ষা**। লিখিত পরীক্ষা (পেশাগত বিষয় ও সাধারণ জ্ঞান সর্বমোট ১০০ নম্বর) আগামী ২৮ আগস্ট ২০২৬ (শুক্রবার) তারিখ ০৯০০ ঘটিকায় শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতঃ প্রার্থীরা কল-আপ লেটার প্রিন্ট করবেন এবং পরীক্ষার সময় কল-আপ লেটার ও জাতীয় পরিচয় পত্রের মূলকপি (NID) সাথে বহন করবেন। লিখিত পরীক্ষার ফলাফল সেপ্টেম্বর ২০২৬ মাসে ওয়েবসাইট ও এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

১৮। **প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা**। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা আগামী ১১ অক্টোবর ২০২৬ হতে ১৫ অক্টোবর ২০২৬ তারিখ এএফএমআই, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার সময় সকল পরীক্ষার সার্টিফিকেট ও মার্কসিট এর মূলকপি এবং কল-আপ লেটার প্রদর্শন করতে হবে, অন্যথায় অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৯। **আইএসএসবি পরীক্ষা**। লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ঢাকা সেনানিবাসে অবস্থিত আইএসএসবি এর নিকট পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ আইএসএসবি'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে। এই পরীক্ষা চার দিনে সম্পন্ন হবে এবং এই সংক্রান্ত যাবতীয় ব্যয় সরকার কর্তৃক বহন করা হবে।

২০। **চূড়ান্ত নির্বাচন ও যোগদানপত্র প্রদান**। উপরোক্ত সকল পরীক্ষায় যোগ্যতা অর্জন সাপেক্ষে মেধাক্রম অনুযায়ী প্রার্থীদেরকে সেনাবাহিনী সদর দপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত ঘোষণা এবং যোগদানপত্র প্রদান করা হবে।

**প্রশিক্ষণ ও কমিশনঃ**

২১। **বিএমএ প্রশিক্ষণ**। আইএসএসবি ও ডাক্তারী পরীক্ষায় যোগ্য এবং সেনাসদর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পর বিএমএ'তে ০১ (এক) বছর প্রশিক্ষণ গ্রহণ করবেন।

২২। **কমিশন ও পশ্চাৎ প্রবীণতা**। বিধি মোতাবেক পশ্চাৎ প্রবীণতাসহ লেফটেন্যান্ট পদবী প্রাপ্য হবেন।

**প্রাপ্ত সুযোগ সুবিধাঃ**

২৩। **বেতন-ভাতা**। সরকার কর্তৃক নির্ধারিত সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী অফিসার ক্যাডেটগণ বেতন ও ভাতা প্রাপ্ত হবেন। পরবর্তীতে কমিশন্ড অফিসার হিসেবে প্রযোজ্য বেতন ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধা প্রাপ্ত হবেন।

২৪। **অন্যান্য বিশেষত্ব**।

ক। **বাসস্থান**। নিরাপদ ও মনোরম পরিবেশে প্রাধিকার অনুযায়ী বাসস্থান প্রাপ্তির সুযোগ পাবেন।

খ। **চিকিৎসা**। সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দুরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে বিধি মোতাবেক নগদ অর্থ প্রদানসহ বিদেশে সুচিকিৎসার সুযোগ পাবেন।

গ। **সন্তানদের অধ্যয়ন**। নিজ সন্তানদের জন্য সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজ ও প্রতিষ্ঠানসমূহে যোগ্যতা অনুযায়ী অধ্যয়নের সুযোগ পাবেন।

**বিশেষ নির্দেশনাঃ**

২৫। বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তনের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।

২৬। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানপত্র প্রদান/বাতিলের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।

**আবেদনের শেষ তারিখ**
**২৪ আগস্ট ২০২৬**

অনলাইনে আবেদন করতে ভিজিট করুন
https://join.army.mil.bd

সাপোর্ট নম্বরঃ +৮৮০১৭১৩১৬১৯৭৯
ই-মেইলঃ joinarmy.helpdesk@gmail.com

**পরিচালক**
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা

# বাংলাদেশ সেনাবাহিনীতে অফিসার ক্যাডেট হিসেবে যোগ দিন

## ৯৮তম বিএমএ দীর্ঘমেয়াদী কোর্স

**সমরে আমরা শান্তিতে আমরা, সর্বত্র আমরা, দেশের তরে**



**যোগ্যতা ঃ**

১। **বয়স**। **০১ জুলাই ২০২৭** তারিখে ১৬½ হতে ২১ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)। সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীদের জন্য ১৮-২৩ বছর।

২। **শারীরিক যোগ্যতা (ন্যূনতম)**।

| ক্রমিক | শারীরিক যোগ্যতা | পুরুষ প্রার্থীদের জন্য | মহিলা প্রার্থীদের জন্য |
|---|---|---|---|
| ক। | উচ্চতা | ১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি) | ১.৫৫ মিটার (৫ ফুট ১ ইঞ্চি) |
| খ। | ওজন* | ৫৪.০০ কিলোগ্রাম (১২০ পাউন্ড) | ৪৬.০০ কিলোগ্রাম (১০০ পাউন্ড) |
| গ। | বুক | স্বাভাবিক - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি) | স্বাভাবিক- ০.৭১ মিটার (২৮ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি) |

* উচ্চতা ও বয়স অনুসারে সেনাবাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে

৩। **শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)**।

ক। **জাতীয় মাধ্যম**। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৪.৫০ পেয়ে উত্তীর্ণ।

খ। **ইংরেজি মাধ্যম**। 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ২টিতে A গ্রেড, ৩টিতে B গ্রেড ও ১ টিতে C গ্রেড এবং 'এ' লেভেলে ২টি বিষয়েই ন্যূনতম B গ্রেড পেয়ে উত্তীর্ণ।

গ। ২০২৬ সালের এইচএসসি/ 'এ' লেভেল পরীক্ষার্থীগণ আবেদন করতে পারবেন। এক্ষেত্রে প্রার্থীদের অবশ্যই এসএসসি পরীক্ষায় জিপিএ-৪.৫০ এবং 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ২টিতে A গ্রেড, ৩টিতে B গ্রেড ও ১ টিতে C গ্রেড থাকতে হবে।

৪। **বৈবাহিক অবস্থা**। অবিবাহিত/অবিবাহিতা (বিপত্নীক/বিধবা/বিবাহ বিচ্ছেদকারী/তালাকপ্রাপ্ত নয়)।
৫। **জাতীয়তা**। **জন্মসূত্রে বাংলাদেশি নাগরিক।**

**অযোগ্যতা ঃ**

৬। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যেকোন সরকারি চাকরি/প্রশিক্ষণ হতে বরখাস্ত/অপসারিত/স্বেচ্ছায় পদত্যাগ গ্রহণ।
৭। আইএসএসবি (ISSB) পরীক্ষায় দু'বার স্ক্রিন্ড আউট অথবা দু'বার প্রত্যাখ্যাত (একবার স্ক্রিন্ড আউট এবং একবার প্রত্যাখ্যাত প্রার্থীরা আবেদন করতে পারবেন)।
৮। যেকোন ফৌজদারী অপরাধের জন্য আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত।
৯। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপিল মেডিক্যাল বোর্ড কর্তৃক অযোগ্য বিবেচিত।
১০। প্রতিটি চোখের ক্ষীনদৃষ্টি ও দূরদৃষ্টি ২.৫ ডাইঅপ্টার এর বেশি এবং বিষমদৃষ্টি ১.০ ডাইঅপ্টার এর বেশি।
১১। প্রার্থীর বয়স **১৮ বছর** হওয়ার পূর্বে ল্যাসিক (LASIK) অপারেশন গ্রহণযোগ্য নয়। ল্যাসিক অপারেশনের তারিখ হতে চোখ পরীক্ষার তারিখের মধ্যে ন্যূনতম **৩ (তিন) মাস** অতিবাহিত হতে হবে।
১২। দ্বৈত নাগরিকত্ব অথবা বাংলাদেশ ব্যতীত অন্য কোন দেশে স্থায়ীভাবে বসবাসের অনুমতি থাকলে।
১৩। ভর্তি প্রক্রিয়ার যেকোন পর্যায়ে ভুল বা মিথ্যা তথ্য প্রদান করা হলে প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**অনলাইনে আবেদনের পদ্ধতি ঃ**

১৪। **২৯ জুলাই ২০২৬ হতে ১৭ অক্টোবর ২০২৬** তারিখ পর্যন্ত শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে।
১৫। আবেদনকারী প্রার্থীগণকে https://join.army.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর উপরে ডান পার্শ্বে APPLY NOW তে ক্লিক করে বর্ণিত কোর্সে APPLY করতে হবে।
১৬। আবেদনকারী প্রার্থীগণকে টেলিটক, VISA/Master Card, TAP, Bkash, Nagad, Rocket ইত্যাদির মাধ্যমে ১,০০০ (এক হাজার) টাকা আবেদন ফি এবং ১,০০০ (এক হাজার) টাকা অনলাইন রেজিস্ট্রেশন ফি বাবদ সর্বমোট ২,০০০ (দুই হাজার) টাকা (অফেরৎযোগ্য) প্রদান করতে হবে। আবেদন প্রক্রিয়াতেই ওয়েব সাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি ও অনলাইন রেজিস্ট্রেশন ফি প্রদান করা যায় এবং তাৎক্ষণিকভাবে প্রাথমিক সাক্ষাৎকারের কল-আপ লেটার পাওয়া যায়।

১৭। অনলাইনে আবেদন করতে যেকোন প্রকার অসুবিধা হলে ওয়েবসাইটে দেখানো সাপোর্ট নম্বরে (+৮৮০১৭১৩১৬১৯৭৯) এবং ই-মেইলঃ joinarmy.helpdesk@gmail.com এ যোগাযোগ করা যাবে।

**নির্বাচন পদ্ধতি ঃ**

১৮। **প্রাথমিক নির্বাচনী (স্বাস্থ্য ও মৌখিক)**। প্রাথমিক নির্বাচনী (স্বাস্থ্য ও মৌখিক) পরীক্ষা আগামী **২৮ অক্টোবর ২০২৬ হতে ১২ নভেম্বর ২০২৬** তারিখ পর্যন্ত বিভিন্ন সেনানিবাসে অনুষ্ঠিত হবে। প্রার্থী নির্ধারিত দিনে উপস্থিত হতে অপারগ হলে, পরীক্ষার দিনের পূর্বেই সরাসরি নিজ কেন্দ্রে যোগাযোগ পূর্বক পরবর্তীতে নির্ধারিত দিনে উপস্থিত হয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

১৯। **লিখিত পরীক্ষা**। প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের আগামী **২৭ নভেম্বর ২০২৬ (শুক্রবার) তারিখ সকাল ০৯০০ ঘটিকায়** বাংলা, ইংরেজি, সাধারণ গণিত, সাধারণ জ্ঞান এবং আইকিউ বিষয়ে সাক্ষাৎকার পত্রে উল্লিখিত স্থানে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার ফলাফল **ডিসেম্বর ২০২৬ মাসের ২য় সপ্তাহে** https://join.army.mil.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

২০। **আন্তঃ বাহিনী নির্বাচন পর্ষদ (ISSB) পরীক্ষা**। লিখিত পরীক্ষায় যোগ্য প্রার্থীদের ঢাকা সেনানিবাসে অবস্থিত আইএসএসবি এর নিকট পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ আইএসএসবি'র ওয়েবসাইট www.issb-bd.org এ প্রকাশ করা হবে। এই পরীক্ষা চার দিনে সম্পন্ন হবে এবং পরীক্ষা চলাকালীন যাবতীয় ব্যয় কর্তৃপক্ষ কর্তৃক বহন করা হবে।

২১। **চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা**। আইএসএসবি পরীক্ষার পর প্রার্থীদেরকে চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

২২। **চূড়ান্ত নির্বাচন এবং যোগদানপত্র প্রদান**। সকল পরীক্ষায় সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে প্রার্থীদেরকে সেনাবাহিনী সদর দপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচন করা হবে। এছাড়াও, চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানপত্র প্রদান করা হবে।

**বিএমএ প্রশিক্ষণ ঃ**

২৩। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণ বিএমএ'তে ৩ (তিন) বৎসরের প্রশিক্ষণ গ্রহণ করবেন এবং প্রশিক্ষণ সমাপনান্তে **'লেফটেন্যান্ট'** পদে কমিশন লাভ করবেন।

**প্রাপ্ত সুযোগ সুবিধা ঃ**

২৪। **বেতন/ভাতা**। সরকার কর্তৃক নির্ধারিত সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী অফিসার ক্যাডেটগণ বেতন প্রাপ্ত হবেন। পরবর্তীতে কমিশন্ড অফিসার হিসেবে প্রযোজ্য বেতন ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধা প্রাপ্ত হবেন।

২৫। **অন্যান্য বিশেষত্ব ঃ**

ক। **বিদেশে প্রশিক্ষণ**। প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়ে এবং কমিশন প্রাপ্তির পর মেধাবী ক্যাডেট এবং অফিসারগণ বিদেশে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ পাবেন।
খ। **চিকিৎসা**। সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দূরারোগ্য ব্যাধিতে বিধি মোতাবেক বিদেশে সুচিকিৎসার সুযোগ পাবেন।
গ। **সন্তানদের অধ্যয়ন**। নিজ সন্তানদের জন্য সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজ ও প্রতিষ্ঠানসমূহে যোগ্যতা অনুযায়ী অধ্যয়নের সুযোগ পাবেন।

**বিশেষ নির্দেশনা ঃ**

২৬। সামরিক মৌলিক প্রশিক্ষণের প্রয়োজনে প্রার্থীদেরকে বিএমএ'তে যোগদানের পূর্বে সাঁতার শেখার জন্য উপদেশ দেয়া হলো।
২৭। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের বিএমএ'তে যোগদানের পূর্বে জাতীয় পরিচয়পত্র প্রস্তুত করার জন্য পরামর্শ দেয়া হলো।
২৮। বিএনসিসি/ক্যাডেট কলেজ/এমসিএসকে এর ক্যাডেটদের স্ব স্ব কলেজ/রেজিমেন্টের মাধ্যমে আবেদন করতে হবে।
২৯। নৌ ও বিমান বাহিনী হতে ছাড়পত্র (NOC) গ্রহণকৃত প্রার্থীগণ মূল ছাড়পত্রসহ আবেদনপত্র জমা করতঃ আবেদন পরবর্তী সেনাবাহিনীর চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ততা সাপেক্ষে সেনাবাহিনীতে যোগদানের সুযোগ রয়েছে।
৩০। বিজ্ঞপ্তির যেকোন অংশ পরিবর্তনের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।
৩১। চূড়ান্ত নির্বাচন, যোগদান পত্র প্রদান/বাতিলের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।

**অনলাইনে আবেদন করতে ভিজিট করুন**
**https://join.army.mil.bd**

**সাপোর্ট নম্বর: +৮৮০১৭১৩১৬১৯৭৯**
**ই-মেইল: joinarmy.helpdesk@gmail.com**

## আবেদনের শেষ তারিখ
## ১৭ অক্টোবর ২০২৬

পরিচালক
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা
সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস

# বাংলাদেশ সেনাবাহিনীতে সেনাশিক্ষা কোরে জুনিয়র কমিশন্ড অফিসার হিসেবে যোগ দিন




## নিয়োগ বিজ্ঞপ্তি

**Online/SMS এর মাধ্যমে আবেদন শুরুর তারিখ ২৩ জুলাই ২০২৬ এবং শেষ তারিখ ২২ আগস্ট ২০২৬**

১। বাংলাদেশ সেনাবাহিনীতে সেনাশিক্ষা কোর (Army Education Corps-AEC) এ জুনিয়র কমিশন্ড অফিসার (ওয়ারেন্ট অফিসার) হিসেবে সরাসরি নিয়োগ করা হবে। এ লক্ষ্যে যোগ্য এবং আগ্রহী বাংলাদেশী **পুরুষ নাগরিকদের** নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীদেরকে অবশ্যই নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ করতে হবেঃ

ক। শিক্ষাগত যোগ্যতা। বিএ/বিএসসি/বিকম/এলএলবি স্নাতক (Bachelor of Laws)/স্নাতক/সমমান যোগ্যতা সম্পন্ন।

নোটঃ বিএ/বিএসসি/বিকম/এলএলবি স্নাতক (Bachelor of Laws)/স্নাতক/সমমান পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ-২.০০ (৪ এর মধ্যে) এবং এসএসসি ও এইচএসসি অথবা সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩.০০ (৫ এর মধ্যে)।

খ। বয়স সীমা। ০৪ এপ্রিল ২০২৭ তারিখে সর্বনিম্ন ২০ বৎসর এবং সর্বোচ্চ ২৮ বৎসর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

গ। শারীরিক যোগ্যতা। (১) উচ্চতা - ১.৬৫ মিটার (৫'-৫") ন্যূনতম।
(২) ওজন - ৪৯.৯০ কেজি (১১০ পাউন্ড)।
(৩) বুক - স্বাভাবিক- ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)
স্ফীত- ০.৮১ মিটার (৩২ ইঞ্চি)।

ঘ। বৈবাহিক অবস্থা। অবিবাহিত (বিবাহিত/বিপত্নীক/ডিভোর্সি এই সংক্রান্ত কোন প্রকার ভুল বা মিথ্যা তথ্য প্রদান করা হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে)।

ঙ। স্বাস্থ্য পরীক্ষা। স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য।

চ। সাঁতার। সাঁতার জানা অত্যাবশ্যক (ন্যূনতম ৩৫ মিটার)।

২। **নিম্নেবর্ণিত ব্যক্তিগণ দরখাস্ত করার জন্য উপযুক্ত বলে বিবেচিত হবে নাঃ**

ক। সরকারী চাকরি হতে বরখাস্তকৃত।
খ। ফৌজদারী মামলায় দন্ডপ্রাপ্ত।
গ। সামরিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে প্রত্যাহারকৃত/বরখাস্তকৃত।

৩। **অনলাইনের মাধ্যমে আবেদনের নিয়মঃ** আগ্রহী প্রার্থীদেরকে ওয়েবসাইট http://army.teletalk.com.bd তে অনলাইনে আবেদনপত্রের ফরম পুরণ করতে হবে। এরপর টেলিটকের প্রি-পেইড মোবাইল হতে ওয়েবসাইটের INSTRUCTION এ বর্ণিত পদ্ধতি মোতাবেক ১৬২২২ নম্বরে এসএমএস করে আবেদন ফি (৫০০/-) জমা দিতে হবে। উল্লেখ্য যে, আবেদন ফি জমা দেয়ার পর আবেদনপত্র কোনভাবেই পরিবর্তন করা যাবে না। আবেদন ফি জমা দেয়ার পর প্রাপ্ত User ID ও Password দিয়ে উক্ত ওয়েবসাইটে Login হতে হবে। সফলভাবে Login করার পর প্রাথমিক নির্বাচনী পরীক্ষার জন্য একটি ''ADMIT CARD'' Download করে প্রিন্ট করতে হবে। "ADMIT CARD" ডাউনলোডের সময় SMS এর মাধ্যমে জানানো হবে।

৪। প্রার্থীগণকে প্রাথমিক নির্বাচনী পরীক্ষার (প্রাথমিক মেডিক্যাল এবং মৌখিক পরীক্ষা) জন্য অনলাইনে পূরণকৃত আবেদনপত্রসহ এলাকা ভিত্তিক স্ব স্ব জেলার পাশে বর্ণিত নির্বাচনী পর্ষদ/এরিয়া সদর দপ্তর সমূহ (সেনানিবাস) এর সামনে উল্লেখিত তারিখে সকাল ০৮০০ ঘটিকার মধ্যে উপস্থিত হতে হবেঃ

| ক্রমিক | উপস্থিত হওয়ার স্থান | তারিখ | জেলার নাম |
|---|---|---|---|
| ১। | এরিয়া সদর দপ্তর বগুড়া, বগুড়া সেনানিবাস | ২০ সেপ্টেম্বর ২০২৬ | বগুড়া |
| | | ২১ সেপ্টেম্বর ২০২৬ | রাজশাহী |
| | | ২২ সেপ্টেম্বর ২০২৬ | জয়পুরহাট, সিরাজগঞ্জ |
| | | ২৩ সেপ্টেম্বর ২০২৬ | নাটোর, চাঁপাইনবাবগঞ্জ |
| | | ২৭ সেপ্টেম্বর ২০২৬ | পাবনা, নওগাঁ |
| ২। | এরিয়া সদর দপ্তর ঘাটাইল, শহীদ সালাহউদ্দিন সেনানিবাস | ২০ সেপ্টেম্বর ২০২৬ | ময়মনসিংহ |
| | | ২১ সেপ্টেম্বর ২০২৬ | টাঙ্গাইল |
| | | ২২ সেপ্টেম্বর ২০২৬ | জামালপুর, শেরপুর |
| | | ২৩ সেপ্টেম্বর ২০২৬ | কিশোরগঞ্জ |
| | | ২৭ সেপ্টেম্বর ২০২৬ | নেত্রকোনা |
| ৩। | এরিয়া সদর দপ্তর চট্টগ্রাম, চট্টগ্রাম সেনানিবাস | ২০-২১ সেপ্টেম্বর ২০২৬ | চট্টগ্রাম |
| | | ২২ সেপ্টেম্বর ২০২৬ | খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান, কক্সবাজার |
| ৪। | এরিয়া সদর দপ্তর কুমিল্লা, কুমিল্লা সেনানিবাস | ২০ সেপ্টেম্বর ২০২৬ | কুমিল্লা, ফেনী |
| | | ২১ সেপ্টেম্বর ২০২৬ | চাঁদপুর, লক্ষীপুর |
| | | ২২ সেপ্টেম্বর ২০২৬ | বি-বাড়িয়া, মৌলভীবাজার |
| | | ২৩ সেপ্টেম্বর ২০২৬ | হবিগঞ্জ, নোয়াখালী |
| | | ২৭ সেপ্টেম্বর ২০২৬ | সিলেট, সুনামগঞ্জ |
| ৫। | এরিয়া সদর দপ্তর যশোর, যশোর সেনানিবাস | ২০ সেপ্টেম্বর ২০২৬ | কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ |
| | | ২১ সেপ্টেম্বর ২০২৬ | মাগুরা, নড়াইল, যশোর, সাতক্ষীরা |
| | | ২২ সেপ্টেম্বর ২০২৬ | খুলনা, বাগেরহাট, ফরিদপুর, গোপালগঞ্জ |
| | | ২৩ সেপ্টেম্বর ২০২৬ | বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল |
| | | ২৭ সেপ্টেম্বর ২০২৬ | ঝালকাঠি, মাদারীপুর, শরিয়তপুর, পিরোজপুর |
| ৬। | এরিয়া সদর দপ্তর রংপুর, রংপুর সেনানিবাস | ২০ সেপ্টেম্বর ২০২৬ | রংপুর |
| | | ২১ সেপ্টেম্বর ২০২৬ | দিনাজপুর |
| | | ২২ সেপ্টেম্বর ২০২৬ | পঞ্চগড়, নীলফামারী |
| | | ২৩ সেপ্টেম্বর ২০২৬ | লালমনিরহাট, কুড়িগ্রাম |
| | | ২৭ সেপ্টেম্বর ২০২৬ | গাইবান্ধা, ঠাকুরগাঁও |
| ৭। | সদর দপ্তর লজিষ্টিক্স এরিয়া, ঢাকা সেনানিবাস | ২০ সেপ্টেম্বর ২০২৬ | ঢাকা |
| | | ২১ সেপ্টেম্বর ২০২৬ | মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ |
| | | ২২ সেপ্টেম্বর ২০২৬ | গাজীপুর |
| | | ২৩ সেপ্টেম্বর ২০২৬ | নরসিংদী |
| | | ২৭ সেপ্টেম্বর ২০২৬ | নারায়ণগঞ্জ, রাজবাড়ি |

আমার দেশ
স্বাধীনতার কথা বলে

৫। **প্রাথমিক নির্বাচনী পর্ষদের নিকট নিম্নবর্ণিত দলিল দস্তাবেজ জমা করতে হবেঃ**

ক। আবেদনপত্রের কপি (অনলাইনে পূরণকৃত) এবং অন্যান্য যাবতীয় কাগজপত্র।
খ। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৮ (আট) কপি এবং ষ্ট্যাম্প সাইজের ০৬ (ছয়) কপি রঙ্গীন ছবি (সত্যায়িত)।
গ। গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং মার্কশীট এর ফটোকপি।
ঘ। জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড (নিজ, পিতা এবং মাতা) এর ফটোকপি।
ঙ। প্রবেশপত্র (প্রাথমিক নির্বাচনী পরীক্ষা)।

৬। প্রাথমিক নির্বাচনী পরীক্ষার ফলাফল একই দিনে প্রার্থীদেরকে জানিয়ে দেয়া হবে।

৭। প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নির্বাচনী পর্ষদের নিকট হতে পর্ষদ সভাপতির স্বাক্ষর সম্বলিত "**লিখিত পরীক্ষার প্রবেশপত্র**" সংগ্রহ করবেন। উক্ত প্রবেশপত্র ব্যতীরেকে কোন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৮। প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে আগামী ১৩ নভেম্বর ২০২৬ **(শুক্রবার) সকাল ০৯০০** ঘটিকায় লিখিত পরীক্ষার (বিএ/বিএসসি/বিকম/স্নাতক/সমমান যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের জন্য বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে এবং এলএলবি স্নাতক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের জন্য বাংলা, ইংরেজী, গণিত, সাধারণ জ্ঞান ও আইন বিষয়ে) জন্য "**শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা সেনানিবাসে**" উপস্থিত হতে হবে। লিখিত পরীক্ষার জন্য প্রার্থীগণকে প্রয়োজনীয় কলম, পেন্সিল, ক্যালকুলেটর, জ্যামিতি বক্স ইত্যাদি সঙ্গে আনতে হবে। প্রার্থীগণকে পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে (সকাল ০৮৩০ ঘটিকা) অবশ্যই পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। লিখিত পরীক্ষার কেন্দ্রে কোন প্রকার মোবাইল ফোন নিয়ে আসা যাবে না।

৯। লিখিত পরীক্ষার ফলাফল আগামী **ডিসেম্বর ২০২৬ মাসের শেষ সপ্তাহে** (যে কোনদিন) বাংলাদেশ সেনাবাহিনীর ওয়েবসাইট (https//www.army.mil.bd এবং Facebook) এ প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা এবং মৌখিক পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের চূড়ান্ত ডাক্তারী পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের সময় এ ব্যাপারে বিস্তারিত জানিয়ে দেয়া হবে।

১০। পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন প্রকার যাতায়াত ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১১। **প্রশিক্ষণ।** ১২ সপ্তাহের মৌলিক সামরিক প্রশিক্ষণ এবং ১৯ সপ্তাহের এডুকেশন জেসিও বেসিক কোর্সে অংশগ্রহণ করবে।

১২। **সেনাবাহিনীর চাকুরীর সুবিধাসমূহ।**

ক। বেতন, ভাতা ও অন্যান্য সুবিধাদি সেনাবাহিনীতে প্রচলিত বিধান অনুযায়ী নির্ধারিত হবে।
খ। বিনামূল্যে আহার, বাসস্থান ও সরকারি পোশাক-পরিচ্ছদ।
গ। পরিবারবর্গের জন্য বিনামূল্যে চিকিৎসা ও ভর্তুকি মূল্যে রেশন।
ঘ। সেনাবাহিনীর অভ্যন্তরীণ শিক্ষা প্রতিষ্ঠানে সন্তানদের লেখাপড়ার সুবিধা।

**হেল্প লাইন**

জরুরী প্রয়োজনে কল করুন ১২১ এ শুধুমাত্র টেলিটক নম্বর থেকে (Call 121, Then Press 8, then press 1) যে কোন অপারেটর থেকে সরাসরি কল করুন ০১৫০০১২১১২১ এই নম্বরে অথবা ই-মেইল করুনঃ sainik@teletalk.com.bd

**প্রতারণা অথবা আর্থিক লেনদেনের মাধ্যমে সেনাবাহিনীতে ভর্তি হলে চাকরির যে কোন পর্যায়ে চাকরি হতে বহিষ্কার করা হবে**

পরিচালক
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা
সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস

আইএসপিআর/সেনা/৫১৭ ডিজি-৬১৮/২৬

